# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 03 April, 2025

চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) ৩৬ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার (২ মার্চ) সন্ধ্যায় বন্দর থানাধীন গোসাইলডাঙ্গা এলাকার নিজ বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।গ্রেপ্তার হাজী জাহাঙ্গীর আলম চৌধুরী মহানগর শ্রমিকলীগের সাবেক সভাপতি।

গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাজী মুহাম্মদ সুলতান আহসান উদ্দীন বলেন, 'আজ (বুধবার) সন্ধ্যায় নিজ বাসার সামনে থেকে তাকে গ্রেপ্তার করেছি। গত বছরের ৫ আগস্ট পরবর্তীতে হওয়া একটি মামলার তদন্তেপ্রাপ্ত আসামি তিনি।বৃহস্পতিবার তাকে আদালতে সোপর্দ করা হবে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'জানতে পেরেছি এলাকায় তার যাতায়াত ছিল।ঈদের সময়ও তিনি বাড়িতে ছিলেন।আজ খবর পেয়ে তাকে আমরা গ্রেপ্তার করি।

২০১৭ সালের ৩১ ডিসেম্বর চট্টগ্রাম সিটি করপোরেশনের ৩৬ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর মোহাম্মদ হাবিবুল হকের মৃত্যুর কারণে স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯-এর ধারা ১৫(ঙ) মোতাবেক ওই কাউন্সিলর পদটি শূন্য ঘোষণা করা হয়।ঘোষণাকৃত শূন্যপদে স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯-এর ধারা ১৬ অনুযায়ী উপ-নির্বাচনে হাজী জাহাঙ্গীর আলম চৌধুরী নির্বাচিত হয়েছিলেন।

পরবর্তীতে ২০২১ সালে সিটি করপোরেশন নির্বাচনে একই ওয়ার্ড থেকে ঘুড়ি মার্কায় দলীয় মনোনয়ন পান তিনি।তবে ওই সময় বিজয়ী হয়েছিলেন যুবলীগ নেতা বিদ্রোহী প্রার্থী মোর্শেদ আলী।

কাউন্সিলর গ্রেপ্তার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:17

URL: https://www.timestodaybd.com/public/chittagong/21256255